

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৭

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৪. ছাগলের যাকাত

بَابِ فِي زَكَاةِ الْغَنَمِ

## আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّثَنَا عَبَّادُ بْنُ الْعَوَّامِ وَإِبْرَاهِيمُ بْنُ صَدَقَةَ عَنْ سُفْيَانَ بْنِ حُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ حُسَيْنٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ الصَّدَقَةَ فَكَانَ فِي الْغَنَمِ فِي كُلِّ أَرْبَعِينَ سَائِمَةً شَاةٌ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ فَإِذَا زَادَتْ فَفِيهَا شَاتَانِ إِلَى مِائَتَيْنِ فَإِذَا زَادَتْ شَاةً لَمْ يَجِبْ شَاتَانِ إِلَى مِائَتَيْنِ فَإِذَا زَادَتْ شَاةً لَمْ يَجِبْ فِيهَا إِلَّا ثَلَاثُ شِيَاهٍ إِلَى ثَلَاثٍ مِائَةٍ شَاةٍ فَفِي كُلِّ مِائَةٍ شَاةً وَلَا قَاتُ وَلَا مَا اللَّهُ شَيَاهٍ إِلَى ثَلَاثُ مِائَةٍ شَاةٍ فَفِي كُلِّ مِائَةٍ شَاةً وَلَا تَاكُنُ فَي الْمَعَدُ شَيَاهٍ إِلَى ثَلَاثُ مَائَةٍ شَاةً وَلَا وَلَا مَا اللَّهُ عَلَاثٍ مَائَةٍ شَاةً وَلَا قَالَ اللَّهُ عَلَيْ مَائَةً شَاةً وَلَا وَلَا فَاتًا فَوْلَا فَا الْمَعَدُ فَي الْمَعْدَى الْمَعْدَى الْمَعْدَى الْمَعْدَى الْمَعْدَى الْمَالَةِ شَاوَةً هَوْمَةً وَلَا ذَاتُ عَوْارٍ وَلَا ذَاتُ عَيْبٍ

## বাংলা

১৬৫৭. ইবনু উমার রাদ্বিয়াল্লান্থ আনন্থ থেকে বর্ণিত যে, সাদকা (যাকাত) প্রসঙ্গে রাসূলুল্লান্থ সাল্লাল্লান্থ 'আলাইহি ওয়া সাল্লাম একটি ফরমান (অধ্যাদেশ) লিখালেন। (তাতে লেখা ছিল:) ছাগলের যাকাত হলঃ মুক্তভাবে বিচরণশীল প্রতি চল্লিশটি হতে একশত বিশটি পর্যন্ত ছাগলের জন্য একটি ছাগল; এর বেশি হলে দু'শত পর্যন্ত দু'টি ছাগল; এর বেশি হলে তিনশত পর্যন্ত ছাগলের জন্য তিনটি ছাগল; তারপর ছাগলের সংখ্যা বেশি হলেও আবার চারশত পর্যন্ত না পৌঁছানো পর্যন্ত এতে (বাড়তি ছাগলগুলির জন্য) তিনটি ছাগলের অধিক কোন কিছুই ওয়াজিব হবে না। এরপর ছাগলের সংখ্যা চারশতে পৌঁছালে প্রতি একশত ছাগলের জন্য একটি করে ছাগল (যাকাত দিতে হবে)। যাকাতে বৃদ্ধ এবং খুঁত ও ক্রটিযুক্ত পশু গ্রহণ করা হবে না।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদে সুফিয়ান ইবনু হুসাইন রয়েছে যে যুহুরী হতে বর্ণনা করেছেন। ইবনু হিব্বান বলেছেন: যুহুরী হতে তার বর্ণনাসমূহে সংমিশ্রণ রয়েছে। .... যুহুরী ব্যতীত অন্যান্যদের থেকে তার বর্ণনা নির্ভরযোগ্য। তবে কতকগুলি শাহিদ হাদীস থাকার কারণে হাদীসটি সহীহ।



তাখরীজ: দেখুন, মুসনাদুল হুমাইদী নং ১২৭; সহীহ ইবনু হিব্বান নং ৩২৬৬ (মুহাক্কিকের টীকাগুলি-অনুবাদক)। আমার এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৪৭০ তে। সামনে ১৬৬৬, ১৬৬৭ তেও এর কিছু অংশ আসছে।

((আবু দাউদ, যাকাত ১৫৬৮-১৫৬৯; তিরমিয়ী, যাকাত ৬২১; ইবনু মাজাহ , যাকাত ১৮০৫; দারুকুতনী, যাকাত ৪ ১১৬/২- ফাওয়ায আহমাদের তাহকীককৃত দারেমী নং ১৬২০ এর টীকা হতে। - অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন